

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন শাখা-৩।

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৪.৩৯.০৩২.১২-৮২

০২ শ্রাবণ ১৪২১
তারিখ-----
১৭ জুলাই ২০১৪

বিষয় : আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% পৌরসভাসমূহকে প্রদানের নিমিত্ত নির্দেশনা প্রদান সংক্রান্ত।

সূত্র : তাঁর বিভাগের স্মারক নং- ০৪.৫১২.০৮২.০০.০০.০৪৮.২০১০-৯২ তারিখ-২৭ মার্চ ২০১৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% অর্থ পৌর সভা সমূহকে প্রদানের বিষয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা গত ০৪/০৬/২০১৪ তারিখ বেলা-১১.০০ ঘটিকায় অতিরিক্ত সচিব (আইন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

- (১) স্থানীয় সরকার (পৌরসভা) আইন ধারা ৯৮ সংশ্লিষ্ট তৃতীয় তফসিলের ৩ নং দফায় “ পৌর এলাকায় আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% ” বা অনুরূপ সুস্পষ্ট শব্দগুচ্ছ প্রতিস্থাপনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হল।
- (২) স্থানীয় সরকার (পৌরসভা) আইনের ৯৮ ধারার নির্দেশনা অনুসারে পৌরসভার অন্তর্ভুক্ত এলাকায় আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% সংশ্লিষ্ট পৌরসভার অনুকূলে প্রদান করা হবে।
- (৩) উপজেলা পরিষদে ভূমি উন্নয়ন করের ২% অংশ প্রদানের ক্ষেত্রে পৌর এলাকা বর্হিভূত উপজেলার অন্যান্য অংশে আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% অর্থ সংশ্লিষ্ট উপজেলা তহবিলে জমা প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ এর ৯৮ ধারার সংশ্লিষ্ট তৃতীয় তফসিলটি সংশোধনের সদয় ব্যবস্থা নিতে এবং পৌর এলাকায় আদায়কৃত ভূমি উন্নয়ন করের ২% অর্থ পৌরসভাসমূহকে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় সদয় নির্দেশনা দিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা/-
(আলিয়া মেহের)
সিনিয়র সহকারি সচিব
ফোন-৯৫৪০১৭৭

মন্ত্রিপরিষদ সচিব,
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

স্মারক নং-৩১.০০.০০০০.০৪৪.৩৯.০৩২.১২-৮২/১(১)

০২ শ্রাবণ ১৪২১
তারিখ-----
১৭ জুলাই ২০১৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:-

৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

M/11

Alia Meher
১৭/৭/১৪
(আলিয়া মেহের)
সিনিয়র সহকারি সচিব